



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (৩য় খন্ড)/২০১১/৩৮

তারিখঃ ২৬ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ
১১ অক্টোবর ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬৬০ তম কমিশন সভা অদ্য ১১/১০/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

- আইপিডিসি ফাইন্যান্স লিমিটেড এর ১০০ (একশত) কোটি টাকার Floating Rate Non-convertible Fully Redeemable Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৫ বছর। এই বন্ডের বৈশিষ্ট্য হচ্ছে non-convertible, fully redeemable, floating rate, unsecured, unlisted subordinated bond। বন্ডটি ৫ বছরে পূর্ণ অবসায়ন হবে যা বিভিন্ন প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীগণ এবং উচ্চ সম্পদশালী বিনিয়োগকারীগণকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে আইপিডিসি ফাইন্যান্স লিমিটেড, Tier-II Capital Base শক্তিশালী করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১ (এক) কোটি টাকা। এই বন্ডের ট্রাস্টি এবং ম্যানডেটেড লিড অ্যারেঞ্জার হিসাবে যথাক্রমে ইবিএল ইনভেস্টমেন্ট লিঃ এবং সিটি ব্যাংক ক্যাপিটাল রিসোর্সেস লিমিটেড কাজ করছে।
- ট্রাস্ট ব্যাংক লিঃ এর ৫০০ (পাঁচশত) কোটি টাকার Floating Rate Non-Convertible Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এই বন্ডের বৈশিষ্ট্য হচ্ছে non-convertible, fully redeemable, floating rate, unsecured, unlisted subordinated bond। বন্ডটি ০৭ বছরে পূর্ণ অবসায়ন হবে যা বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানসমূহ, ইস্যুরেপ কোম্পানীসমূহ, ফান্ড, কর্পোরেটস এবং অন্যান্য যোগ্য বিনিয়োগকারীগণকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে ট্রাস্ট ব্যাংক লিঃ, Tier-II Capital Base শক্তিশালী করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১ (এক) কোটি টাকা। এই বন্ডের ট্রাস্টি এবং ম্যানডেটেড লিড অ্যারেঞ্জার হিসাবে যথাক্রমে সেনা কল্যান ইস্যুরেপ কোম্পানী লিমিটেড এবং স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক কাজ করছে।
- বিগত ১৭/০৭/২০১৮ ইং তারিখে অনুষ্ঠিত ৬৫১ তম কমিশন সভায় ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (ICB) এর ২০০০ (দুই হাজার) কোটি টাকার Non-Convertible Fixed Rate Subordinated Bond যা বর্তমান শেয়ার হোল্ডার ব্যতিরেকে অন্যান্য প্রতিষ্ঠানের এর নিকট ইস্যু করা হবে মর্মে অনুমোদন করেছিল। পরবর্তীতে আইসিবি কর্তৃক আবেদনের প্রেক্ষিতে অদ্য ১১.১০.২০১৮ তারিখে অনুষ্ঠিত কমিশন সভায় উক্ত বন্ড বিদ্যমান কর্পোরেট শেয়ার হোল্ডার এর পাশাপাশি অন্যান্য প্রতিষ্ঠানসমূহ এর নিকট ইস্যু করার অনুমোদন প্রদান করা হয়। উল্লেখ্য, উক্ত বন্ড ইস্যুর মাধ্যমে উত্তোলিত অর্থের কমপক্ষে ৭৫% পুঁজিবাজারে তালিকাভুক্ত সিকিউরিটিজ এ বিনিয়োগ করার জন্য Securities and Exchange Ordinance, 1969 এর Section 2CC মোতাবেক শর্ত প্রদান করা হয়েছে।
- এছাড়াও অদ্যকার সভায় কমিশন বে-মেয়াদী মিউচুয়াল ফান্ড 'Vanguard AML Growth Fund' এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন প্রদান করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ১০ (দশ) কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ১ (এক) কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ৯ (নয়) কোটি টাকা যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ (দশ) টাকা। ফান্ডটির উদ্যোক্তা এবং সম্পদ ব্যবস্থাপক ভ্যানগার্ড এ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড। ফান্ডটির ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ।

মো: সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র।